'এবং মহুয়া '-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.) অনুমোদিত তালিকার অর্ন্তভূক্ত। পত্রিকা ক্রমিক নং-৪২৩২৭, বাংলা পত্রিকা ক্রমিক নং-৩৩

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২০ তম বর্ষ, ১০৯ সংখ্যা

আগষ্ট, ২০১৮

প্রধান সম্পাদক ও প্রকাশক

## ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

'এবং মহুয়া '-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.) অনুমোদিত
তালিকার অর্ন্তভূক্ত। পত্রিকা ক্রমিক নং-৪২৩২৭,
বাংলা পত্রিকা ক্রমিক নং-৩৩।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২০ তম বর্ষ, ১০৯ সংখ্যা
আগষ্ট ২০১৮

সম্পাদক
ডা. মদনমোহন বেরা

যোগাযোগ :
ডা. মদনমোহন বেরা, সম্পাদক।
গোলকুঁয়াচক, পোষ্ট-মেদিনীপুর,৭২১১০১,জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।
মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

'Ebong Mahua'--UGC Approved listed Journal,
Journal Serial No.--42327, Bengali Journal Serial No.--33

# EBONG MOHUA

Bengali Language, Literature and Research Journal
20th Year, 109 Volume
Aug, 2018

Published By
K.K.Prakashan
Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.

DTP and Printed By
K.K.Prakashan
Cover Designed By
Kohinoorkanti Bera
Midnapur

Communication :
Dr.Madanmohan Bera, Chief Editor.
Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.
Mob.-9153177653
Email-madanmohanbera51@ gmail.com /
kohinoor.bera @ gmail.com

Rs.200

# সূচীপত্র

১.পূর্ববঙ্গের উদ্বাস্তুদের সম্মেলনে স্যার যদুনাথ সরকারের ভাষণ : তৎকালিন পরিস্থিতির প্রেক্ষিতে পর্যালোচনা-পলাশ সেনাপতি..............................৭

২.বঙ্গীয় গ্রাম্য স্বায়ত্তশাসন আইন, অহিংস সত্যাগ্রহ ও 'দেশপ্রাণ' -রঘুনাথ সাউ..............................১৩

৩.নাটক 'নরক গুলজার'ঃ সঙ্গীতের ব্যবহার-সেখ সাবিবর হোসেন....১৮

৪.দেশ ভাগের পরিপ্রেক্ষিতে রচিত প্রফুল্ল রায়ের ছোট গল্প : ভাষা ও শিল্পরূপ -সৌমেন গিরি..............................২২

৫.স্বাধীনতা পরবর্তী বাংলা কথাসাহিত্য ও সৈয়দ মুস্তাফা সিরাজ -দীনবন্ধু কুণ্ডু..............................৩০

৬.'অবনী' ও 'সংসারে সন্ন্যাসী লোকটা' : আত্ম আবিষ্কারের রূপরেখা -বাপ্পা মণ্ডল..............................৩৯

৭.কাঁথি মহকুমার নারী মুখের ভাষা-শুভাশিস আচার্য................৪২

৮.সৈয়দ মুস্তাফা সিরাজের গল্পে নিম্নবর্গীয় সমাজের চিত্র -অর্জুন কুমার দাস..............................৫৩

৯.মৃত্যুদণ্ড ও ভারতীয় প্রেক্ষিত : একটি আইনগত বিশ্লেষণ -আমিনা পারভিন..............................৬১

১০.রবীন্দ্রনাটকে রাজা : রহস্য ও প্রকাশ-মন্দিরা দে................৬৬

১১.উনিশ শতকে বাংলার মুসলমান সমাজে পাশ্চাত্য শিক্ষার সমস্যা -ইয়াসিন চৌধুরী..............................৭৩

১২.বিশ্বায়নের প্রেক্ষিতে জাতীয় রাষ্ট্র ও সার্বভৌমিকতা -শুভঙ্কর ভট্টাচার্য্য..............................৭৮

১৩.মহাশ্বেতার 'ব্যাধখণ্ড' : 'অন্ত্যজ জাতির আঁতের ইতিহাস' -রমা পাল..............................৮৬

১৪.বর্ধমান জেলার বিবর্তণের ইতিহাস-শচীন্দ্র ঘোষ................৯০

১৫.অবনীন্দ্রনাথের যাত্রাপালার সংলাপের ভাষায় এথিক্স বা নৈতিকতার প্রশ্ন -টুনু রানি বেরা..............................৯৭

১৬.স্বাধীনতার ৭২ বছর পরে ফিরে দেখা : পুরুলিয়ার মানচিত্রে মুসলিমরা -নিয়ামত আলি খান..............................১০০

১৭.অহিংস অসহযোগ আন্দোলনে মেদিনীপুর জেলার জাতীয় কংগ্রেসের ভূমিকা -অশ্রুকণা ঘোষ..............................১০৯

১৮.মাদার ইণ্ডিয়া : সত্তর দশকের সমাজ দর্পণে-চিত্ততোষ পৈড়া....১২০

১৯.বিহার ও বাংলার মেলবন্ধন : প্রসঙ্গ বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের গল্প -কঙ্কনু সহিস..............................১২৫

২০.সম্পর্কের মুক্ত বাতায়নে সুনীল গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প
-চিন্ময় কুমার মাইতি........................................................১৩৩
২১.ঔপনিবেশিক বাংলার মুসলিম নারী শিক্ষার বিস্তার ঃঅন্তরাল থেকে বিদ্যালয়
(১৮৫৬-১৯৩২ সাল)-মৌসুমী পাল........................................................১৩৯
২২.উপেন্দ্রকিশোরের পুরী ভ্রমণকথা-জয়গোপাল মণ্ডল..........................১৪৬
২৩.কাব্য-শৈলীরআলোয়'আবোল তাবোল'-পীযূষকান্তি অধিকারী.....১৫৫
২৪.তরতাজা বার্ধক্য : প্রসঙ্গ স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্প
-অংশুমান ঘোষ........................................................১৬৬
২৫.কামিনী রায়ের জীবনদর্শন ও তাঁর কাব্যে নারীমন
-পার্থসারথি রজক........................................................১৭১
২৬.রবীন্দ্রনাথের ছিন্নপত্র : সাহিত্য ভাবনা প্রসঙ্গ-স্বরূপ মণ্ডল...........১৭৬
২৭.একটিরাজনৈতিক ও সংগ্রামীচেতনার উপন্যাস : নারায়ণ গঙ্গোপাধ্যায়ের
'লালমাটি'-সুশান্ত কুমার মণ্ডল........................................................১৮০
২৮.চিত্রশিল্পের প্রয়োগ কুশলতার অনন্যতায় রবীন্দ্র সাহিত্য
-তুহিনকুমার ঘোড়ই........................................................১৮৫
২৯.প্রকৃতির পাঠলিপি : আল মাহমুদের কবিতা-মৌসুমী সাহা........১৯২
৩০.সংরক্ষণ,বৈষম্য ও বিচ্ছিন্নতা-মানস রাউৎ..................................২০০
৩১.স্বপ্নময় চক্রবর্তীর গল্পে গ্রামজীবন : পরিবর্তিত পরিস্থিতিতে
-ব্যাসদেব ঘোষ........................................................২০৬
৩২.সাঁওতালী সাহিত্যের সংক্ষিপ্ত ইতিহাস-রবি মুর্মু...............২১৮
৩৩.'আমাদের মহাভারত' : নুতন মহাভারত
-চামেলী জানা........................................................২২৬
৩৪.'গঙ্গা' : জীবন ও নদীর ভাঙাগড়ার উপাখ্যান-ড. গোপা বিশ্বাস.....২৩৩
৩৫.মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোট গল্পে অসহায় মানুষের আর্তি
-ড. টুম্পা রায় ব্যাপারী........................................................২৩৮
৩৬.নারী ও বাংলা প্রবাদ-ড. প্রলয় কুমার ঘোড়াই...............২৪৪
৩৭.রবীন্দ্র ছোটগল্পে বিচার ও বিচারক -ড. মাধবমোহন ঘরামী.........২৫৩
৩৮.দেশভাগের পরিণতি: দেশত্যাগ,শিয়ালদহ ষ্টেশন,রাণাঘাটের উদ্বাস্তু শিবির
-ড.সুভাষ বিশ্বাস........................................................২৬০
৩৯.মনুষ্যেতর সমাজের নিঃশেষ হওয়া : নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'টোপ'
-ড. আশিস রায়........................................................২৬৮
৪০.বিভূতিভূষণের দৃষ্টি প্রদীপ : ধর্ম সংস্কার প্রসঙ্গ
-ড.মনোজ মণ্ডল........................................................২৭৪
লেখক পরিচিতি ........................................................২৮৩

# ‘গঙ্গা’ : জীবন ও নদীর ভাঙাগড়ার উপাখ্যান

ড. গোপা বিশ্বাস

নদীকে ঘিরে আবর্তিত জীবন, তার উপরেই বাঁচা মরা। আশা-নিরাশার আন্দোলন-মালো জাতির স্বতন্ত্র জীবন পরিক্রমায় এই নদীর উপরে নির্ভরতার বিশেষত গঙ্গা নদীর ভূমিকাই প্রধান হয়ে উঠেছে। মালো জেলেদের বংশ পরম্পরায় বয়ে চলা জীবনবৃত্তির মধ্যে মিশে থাকা নানা পর্যায় উদ্‌ঘাটনে সমরেশ বসু তাঁর ‘গঙ্গা’ উপন্যাসে মালো জেলে সম্প্রদায়ের মানুষের বেঁচে থাকার সংগ্রাম ও তার সঙ্গে উপলব্ধ জীবন দর্শনকে নিপুণভাবে তুলে ধরেছেন। নিম্নবর্গীয় মানুষদের বেঁচে থাকার একটি নির্দ্দিষ্ট পরম্পরাকে তাদের অনুভূতির মাধ্যমে দেখার ঐকান্তিকতায় জেলে মালেদের নদীকেন্দ্রিক নির্ভরতার নানা পর্যায়কে লেখক দার্শনিক অনুভবে সাজিয়ে তুলেছেন। গঙ্গা নদী শুধু মাত্র মালোদের জীবিকার উৎস নয় তাদের জীবনের প্রতিটি পর্বের উত্থান পতনের সঙ্গে জড়িয়ে থাকা এক নির্ভরতার নাম। প্রাণের উৎস স্থলের মত এই নদীর সঙ্গে মিশে থাকে তাদের নিজস্ব অনুভব। গঙ্গার নির্দ্দিষ্ট চলন তার বাঁকে এগিয়ে যাওয়ার জীবন মৃত্যুর চাবি কাঠি খোঁজে মালোরা প্রতিনিয়ত সতর্ক থাকে। তারা ধীবর, মাছ ধরাই তাদের প্রধান জীবিকা, জন্মাবধি জলের সঙ্গে তাদের পরিচয়। জলের সন্তানকে ধরার জন্যই বছরের অর্ধেক সময় নদীর বুকে থাকতে হয়। স্থলভূমির মায়া মমতাকে অগ্রাহ্য করে ঘরের মানুষকে বাঁচিয়ে রাখার তাগিদে জীবনকে তারা ভাসিয়ে দেয় অকুল সাগরের অজানা লক্ষ্যে। অতল সাগরের জোয়ার ভাটার মতই আশা-নিরাশার ওঠা নামায় জীবন এগিয়ে চলে তাদের। অনিশ্চিত ভাগ্যের সঙ্গে যখন প্রতিনিয়ত লড়াই করতে হয় তখন সাফল্য ব্যর্থতাও হাত ধরাধরি করে আসে। কখনও অযাচিতভাবে গঙ্গা নদী তার মীন সন্তানকে জালের মধ্যে ধরে আবার কখনো মাঝি বিনির আরক্ত চোখের অসহায়তাকে আরো বাড়িয়ে তার আশা ভরসাকে নিঃশেষ করে দেয়। শূণ্য হাতে লড়াই করার শক্তি কখনো কখনো জীবনের ভাড়ারে টান দেয়। আজন্ম লড়াই করতে করতে ক্ষয় হয়ে যাওয়া শরীরটাকে এখন তারা বহন করতে পারে না। জীবন মৃত্যুর সন্ধিক্ষণে এসে মাছ মারাদের জীবন প্রদীপ নিভে আসা কিন্তু তবুও থেকে থাকে না তাদের মাছ ধরার স্বপ্ন। এক প্রজন্ম থেকে আর এক প্রজন্মের মধ্যে সঞ্চারিত হয় গভীর সমুদ্রের হাতছানি। যে আকর্ষণে সমস্ত বন্ধন তুচ্ছে হয়ে যায়। অসীমের বুকে যাত্রা শুরু করে নতুন রূপে নিজেকে ফিরে পেতে চায় আর তখনই সে প্রকৃত মালো ধীবর, কারণ মালোদের জলই প্রথম ও শেষ ভালোবাসা। সেখানেই সে নিজেকে খুঁজে পায়।

সমরেশ বসুর ‘গঙ্গা’ স্বাধীনতা পরবর্তী আঞ্চলিক উপন্যাস হিসেবে এক ব্যতিক্রমী